

পাঠা পালন লাইভস্টক ফার্মারস গ্রুপ (এলএফজি) সদস্য'র পাঠার জন্য সেড (ঘর) নির্মাণ নির্দেশিকা

মানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর ও শরীয়তপুর জেলার নদীবিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর হতে পাঠা পালনকারী লাইভস্টক ফার্মারস গ্রুপ (এলএফজি) সদস্যদের পাঠার জন্য সেড তৈরী করে দেয়ার সংস্থান রয়েছে।

উদ্দেশ্যঃ

- স্বাস্থ্য সম্মত ও পরিবেশ বান্ধব সেডে পাঠা পালনের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি;
- পরিবেশ বান্ধব সেডে পাঠা পালনের মাধ্যমে রোগ-বলাই নিয়ন্ত্রণ করা;
- এ সেক্টরে নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টিতে উৎসাহিত করা;

নির্বাচিত খামারীর করণীয়ঃ

১. পাঠা পালন সকল সদস্যদের জন্য পরিবেশ বান্ধব পাঠার সেড নির্মাণ করতে হবে;
২. সেডটি অবশ্যই স্বাস্থ্যসম্মত পরিবেশ, পরিষ্কার-পরিচ্ছন্ন এবং খোলামেলা স্থানে স্থাপন করতে হবে;
৩. এলএফজি সদস্যের খামারের সকল রেকর্ড/তথ্য সংরক্ষণ করবেন;
৪. এলএফজি সদস্য বিভিন্ন প্রযুক্তি প্রদর্শনী বা মাঠ দিবসে অংশগ্রহণ করবেন;
৫. এলএফজি বহির্ভূত খামারীদেরকে খামার প্রদর্শনের ব্যবস্থা করবেন যাতে করে অন্যান্য খামারি অনুপ্রাণিত হয়;
৬. সেড নির্মাণে প্রকল্প হতে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ প্রয়োজন হলে সদস্য নিজে ব্যয় বহন করবেন;
৭. পাঠা সেড অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না;

পাঠা এলএফজি'র সদস্য'র পাঠার জন্য সেড (ঘর) নির্মাণ বাস্তবায়ন পদ্ধতিঃ

সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সার্বিক তত্ত্বাবধানে এলএফজি সদস্যদের পাঠার সেড নির্মাণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদারকি এবং বাস্তবায়িত হবে। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে সেড নির্মাণ কাজটি লাইভস্টক ফিল্ড ফেসিলিটিটরগণ (এলএফএফ) অবশ্যই লাইভস্টক ফার্মারস গ্রুপ (সংশ্লিষ্ট এলএফজি) সদস্যদের দ্বারা বাস্তবায়ন করবেন।

১. অনুমোদিত পাঠা এলএফজি'র সকল সদস্য'র পাঠার সেড নির্মাণ কাজ তদারকি ও বাস্তবায়ন করবে;
২. অনুমোদিত সেডের নকশা অনুযায়ী গুণগতমান বজায় রেখে পাঠার সেড নির্মাণ নিশ্চিত করতে হবে;
৩. সংশ্লিষ্ট লাইভস্টক ফিল্ড ফেসিলিটিটরগণ নির্মাণ কাজের অগ্রগতি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে সমসময় অবহিত করবেন;
৪. সেড নির্মাণকালীন কিংবা পরবর্তীতে সেডের সার্বিক নিরাপত্তা এলএফজি সদস্য নিশ্চিত করবেন;
৫. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সকল নির্মাণ শেষে চূড়ান্ত প্রতিবেদন প্রকল্প দপ্তরে দাখিল করবেন;
৬. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সার্বিক নির্দেশনায় এলএফজি সংশ্লিষ্ট লাইভস্টক ফিল্ড ফেসিলিটিটরগণ পাঠার সেড নির্মাণে সহায়তা প্রদান নিশ্চিত করবেন;


পাঠার ঘর নির্মাণের বিবরণ

১। সেডের আকার: মেঝের দৈর্ঘ্য ৬ ফুট X প্রস্থ ৪ ফুট ৪ ইঞ্চি X উচ্চতা ৬ ফুট। মেঝে হতে ৬ ফুট উচ্চতা পর্যন্ত কাঠের (২ ইঞ্চি X ২ ইঞ্চি) খুঁটি এবং মাঝখানের খুঁটি পরবর্তী ২ ফুট উঁচু মটকা পর্যন্ত। মাটি হতে মেঝে ৫ ফুট উচ্চতা পর্যন্ত ফাঁকা থাকবে। খুঁটিগুলির নীচ প্রান্ত মাটির নিচে এক ফুট গভীরে একটি করে ইটের উপর বসানো থাকবে। মেঝে কাঠ দিয়ে তৈরী হবে। মেঝের কাঠগুলি ২ ইঞ্চি X ২ ইঞ্চি কাঠের কাঠামোর উপর বসানো থাকবে এবং মেঝের ভার বহনের জন্য মেঝের কাঠামোতে মাঝ বরাবর কাঠের (২ ইঞ্চি X ২ ইঞ্চি) টানা থাকবে।


২। চাল: ০.২৬ মিমি গেজ- পুরুত্ব টিনের চাল ও মটকা হবে। টিনের চালের ফ্রেম কাঠের তৈরী হতে হবে।

৩। সেডের বেড়া/ওয়াল: মেঝে থেকে ৪ ফুট ৪ ইঞ্চি উচ্চতা পর্যন্ত কাঠ দিয়ে চার পাশ ঘেরা থাকবে এবং পরবর্তী ১ ফুট ৮ ইঞ্চি উচ্চতা ১৪ গেজ জিআই তারের জালি (২ ইঞ্চি X ২ ইঞ্চি) দিয়ে ঘেরা থাকবে। সম্মুখভাগে কাঠের তৈরী ফ্রেমের উপর একটি দরজা (১ ফুট ৬ ইঞ্চি X ৩ ফুট) এবং দরজা বন্ধ করার জন্য তালা লাগানোর ব্যবস্থা থাকবে।


৪। সেডের রাস্প: পাঠার সেডে উঠার জন্য কাঠের তৈরী একটি রাস্প (১ ফুট ৬ ইঞ্চি X ৮ ফুট) সংযুক্ত থাকবে।



FRONT ELEVATION




SIDE ELEVATION




NOTE: 2 NOS HOUSE AREA NEEDED
 13 SFT. PER PATH @ 2 NOS PATHA
 PER HOUSE = 26 SFT.

4 PATHA HOUSE

Handwritten mark



Buck House


 ডাঃ মোঃ আব্দুল রহিম

প্রকল্প পরিচালক
 বানিকগঞ্জ, ঢাকা, মুন্সিগঞ্জ, রাজশাহী, ফরিদপুর,
 মাদারীপুর ও শরীয়তপুর জেলায় সর্বাধিকৃত
 চরায়সে সমন্বিত প্রাথমিক স্তরের উন্নয়ন প্রকল্প
 বাসিলসঙ্গ অধিদপ্তর, ঢাকা।